



ভিন্নমত প্রকাশের মাধ্যমে ঐকমত্য অর্জনই সভ্য গণতন্ত্রের মাপকাঠি: তারেক রহমান



সংগৃহীত ছবি

বিএনপি মনে করে ভিন্নমত থাকা স্বাভাবিক এবং তা প্রকাশের মাধ্যমে যে সমঝোতায় পৌঁছানো যায়, তা হলো সভ্য গণতান্ত্রিক প্রক্রিয়ার মূলমন্ত্র। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেন, “দলীয় স্বার্থকে অগ্রাধিকার দেওয়া কোনো সরকারের কাজ নয়।”

শনিবার (৮ নভেম্বর) মতুয়া বহুজন সমাজ ঐক্য জোটের আয়োজনকৃত এক সম্মেলনে ভার্চুয়ালি বক্তব্য দেন তিনি। তিনি বলেন, “ধর্ম বা গোষ্ঠীর পার্থক্য থাকলেও আমাদের মূল পরিচয় হলো—বাংলাদেশি। আইনশৃঙ্খলা ও আইনের শাসনই নাগরিকদের নিরাপত্তার সর্বোত্তম মাধ্যম।”

তিনি আরও সতর্ক করে বলেন, ফ্যাসিবাদী শক্তির গুপ্ত বাহিনী যেন দেশকে অস্থিতিশীল করতে না পারে, এজন্য সবাইকে একযোগে সচেত হতে হবে। ক্ষমতায় এলে ৫০ লাখ পরিবারের জন্য ফ্যামিলি কার্ড এবং কৃষকদের জন্য বিশেষ ‘ফার্মার্স কার্ড’ চালু করার পরিকল্পনা রয়েছে।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর অনুষ্ঠানে বলেন, “বিএনপি অতীত ভুলে অসাম্প্রদায়িক ও প্রগতিশীল সমাজ গড়তে কাজ করছে।” তিনি সংখ্যালঘু সুরক্ষা আইনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে জনগণকে দলটির সঙ্গে একযোগে থাকার আহ্বান জানান।